**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**
**Date: 30-10-2025**
**Time : 1-30 PM**

**<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ দুদিনের সফরে গুজরাত যাচ্ছেন। কেভাড়িয়ার একতা নগরে এক হাজার ১৪০ কোটি টাকার পরিকাঠামো ও উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও শিলান্যাস করবেন।

২/ বিহার বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটের প্রচার জোরদার হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এক নির্বাচনী জনসভায় অভিযোগ করেন আরজেডি এবং কংগ্রেস বিহারে ক্ষমতায় থাকাকালীন দুর্নীতি ব্যাপক আকার ধারণ করে ছিল। #অন্যদিকে, মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী তেজস্বী যাদব অভিযোগ করেন যে রাজনৈতিক দলগুলি ভোটের জন্য বিহারকে শোষণ করেছে।

৩/ প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ আসিয়ান প্রতিরক্ষা মন্ত্রীদের বৈঠক এ যোগ দিতে দুদিনের সফরে মালয়েশিয়া যাচ্ছেন।

৪/ চীনের উপর শুল্ক বর্তমান ৫৭ শতাংশ থেকে কমিয়ে ৪৭ শতাংশ করা হবে বলে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন।

৫/ নভি মুম্বইয়ে ভারত আজ মহিলাদের একদিনের ক্রিকেট বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে।

***************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল দুদিনের সফরে গুজরাট যাচ্ছেন। সফরকালে, শ্রী মোদি কেভাড়িয়ার একতা নগরে এক হাজার ১৪০ কোটি টাকার পরিকাঠামো ও উন্নয়ন প্রকল্পের উদ্বোধন এবং শিলান্যাস করবেন। এর মধ্যে রয়েছে রাজপিপলায় বিরসা মুন্ডা আদিবাসী বিশ্ববিদ্যালয়, বামন বৃক্ষ বাটিকা, ই-বাস চার্জিং ডিপো এবং ২৫টি বৈদ্যুতিক বাস। এছাড়াও, প্রধানমন্ত্রী ভারতীয় রাজবংশগুলির ইতিহাস নিয়ে

তৈরি মিউজিয়াম,   ক্রীড়া কমপ্লেক্স, শুলপানেশ্বর ঘাটের নিকটবর্তী জেটি ইত্যাদি বিভিন্ন প্রকল্পের শিলান্যাস করবেন।

শুক্রবার শ্রী মোদী রাষ্ট্রীয় একতা দিবস উদযাপন অনুষ্ঠানে অংশ নেবেন এবং সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করবেন। একতা দিবস প্যারেডেও অংশ নেবেন তিনি। এই বছর প্যারেডের প্রধান আকর্ষণ হল বিশেষভাবে প্রশিক্ষিত সারমেয়দের প্রদর্শনী।

**************************************************************

বিহার বিধানসভা নির্বাচনের প্রথম দফার ভোটের আগে প্রচার জোরদার হয়েছে। এনডিএ এবং মহাজোট একে অপরের বিরুদ্ধে অভিযোগ করছে এবং ভোটারদের আকৃষ্ট করার জন্য চেষ্টা করছে।

বিহারের মুজাফফরপুরে এক নির্বাচনী জনসভায় ভাষনে বিজেপির প্রবীণ নেতা  এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, বিহারের জনগণের জন্য শিক্ষা, স্বাস্থ্য এবং সেচ ক্ষেত্রে পর্যাপ্ত সুযোগ নিশ্চিত করতে এনডিএ প্রতিশ্রুতিবদ্ধ।তিনি বলেন, সরকার বিহার থেকে অভিবাসন বন্ধ করতে এবং রাজ্যে পর্যাপ্ত কর্মসংস্থানের সুযোগ তৈরি করতে পদক্ষেপ নেবে।

( বাইট- প্রধানমন্ত্রী)

শ্রী মোদী অভিযোগ করেন যে বিরোধী আরজেডি এবং কংগ্রেস বিহারে ক্ষমতায় থাকাকালীন  দুর্নীতি ব্যাপক আকার ধারণ করে ছিল এবং তাদের শাসনামলে রাজ্যে কোনও উন্নয়ন হয়নি। তিনি ছট উৎসব নিয়ে বিরূপ মন্তব্য করার জন্য আরজেডি এবং কংগ্রেসের সমালোচনাও করেন। তিনি বলেন, বিহারের মানুষ এই অপমান সহ্য করবে না।

(বাইট- - প্রধানমন্ত্রী)

অন্যদিকে, মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী তেজস্বী যাদব অভিযোগ করেন যে   রাজনৈতিক দলগুলি ভোটের জন্য বিহারকে শোষণ করে এবং গুজরাটে শিল্প স্থাপন করে।  তিনি বিহারের জনগণকে ঐক্যবদ্ধ হতে এবং এই দলগুলি যাতে ক্ষমতায় না আসতে পারে সেজন্য এগিয়ে আসার আহ্বান জানান।

( বাইট- - তেজস্বী যাদব )

**************************************************************

অনুপ্রবেশকারীদের রক্ষা করতেই পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী এসআইআর -এর বিরোধিতা করছেন বলে মন্তব্য করেছেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। বেসরকারি সংবাদ মাধ্যমকে দেওয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, এস আই আর নতুন কিছু নয়। আগেও নিয়মমাফিক তা করা হয়েছে। ভোটার তালিকায় সংশোধন একটি আবশ্যিক  বিষয়। বিজেপি এবং এনডিএ দলগুলি নির্বাচন কমিশনের হয়ে এসআইআর এর পক্ষে কাজ করবে বলে শ্রী শাহ জানান।

তিনি বলেন, বাংলায় বিজেপির ভিত শক্ত হয়েছে। এবার ইমারত তৈরির পালা। এরাজ্যে আগামী বিধানসভা নির্বাচনে বিজেপির জয় নিশ্চিত বলে দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন স্বরাষ্ট্রমন্ত্রী।

*******************************************************************

নতুন দিল্লিতে সরকার আজ মডেল যুব গ্রামসভা-MYGS উদ্যোগের সূচনা করবে।  অনুষ্ঠানের, মডেল যুব গ্রামসভার উপর একটি প্রশিক্ষণ মডিউল এবং MYGS পোর্টালেরও  উদ্বোধন করা হবে। পঞ্চায়েতি রাজ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে যে এই উদ্যোগের লক্ষ্য জনগনের অংশগ্রহণ জোরদার করা এবং  গ্রামসভা অধিবেশনে শিক্ষার্থীদের যুক্ত করে স্থানীয় শাসন ব্যবস্থাকে উৎসাহিত করা।

*******************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ আজ জানিয়েছেন, জাতীয় একতা দিবস উপলক্ষে আগামীকাল গুজরাটের কেভাড়িয়ায় এক বর্ণাঢ্য ঐক্য কুচকাওয়াজ অনুষ্ঠিত হবে, যা এক ভারত শ্রেষ্ঠ ভারতের বার্তাকেই তুলে ধরবে। পাটনায় এক সাংবাদিক সম্মেলনে শ্রী শাহ বলেন, দিল্লীর সাধারণতন্ত্র দিবসের কুচকাওয়াজের ধাঁচে এই অনুষ্ঠান আয়োজিত হবে। এর উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। প্রতি বছর ৩১ শে অক্টোবর একতা নগরে এই প্যারেড অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় সশস্ত্র আধা সামরিক বাহিনী, বিভিন্ন রাজ্যের পুলিশের দল এবং দেশের বিভিন্ন প্রান্ত থেকে আগত শিল্পীরা এতে অংশ নেবেন।

*******************************************************************

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ আসিয়ান প্রতিরক্ষা মন্ত্রীদের বৈঠক এডিএমএম প্লাস-এ যোগ দিতে দুদিনের সফরে মালয়েশিয়া যাচ্ছেন। পয়লা নভেম্বর থেকে এই বৈঠক শুরু হওয়ার কথা। সামজমাধ্যমে এক পোস্টে শ্রী সিং বলেন, আসিয়ান সদস্য দেশগুলির মধ্যে প্রতিরক্ষা এবং নিরাপত্তা সহযোগিতা বৃদ্ধি ও ভারতের অ্যাক্ট ইস্ট নীতিকে এগিয়ে নিয়ে যেতে এই সফর সহায়ক হবে। প্রতিরক্ষা মন্ত্রকের তথ্য অনুযায়ী সফরকালে

শ্রী সিং বিভিন্ন দেশের প্রতিরক্ষা মন্ত্রীদের সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনায় যোগ দেবেন। মালয়েশিয়ার শীর্ষ নেতৃবৃন্দের সঙ্গে তাঁর বৈঠক করার কথা।

*******************************************************************

স্বাধীনতা সংগ্রামী পসুমপন মুথুরামালিঙ্গা-র ১১৮ তম জন্মদিবসে উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান তাঁর প্রতি শ্রদ্ধা নিবেদন করেছেন। এই উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, মথুরামালিঙ্গ স্বাধীনতা আন্দোলনের জন্য তাঁর সম্পত্তির বেশিরভাগটাই দান করে দিয়েছেন। নেতাজী সুভাষচন্দ্র বসুর সহযোগী এই স্বাধীনতা সংগ্রামী তিনি সবাইকে সমানভাবে দেখতেন। তাঁর কাজ ভবিষ্যৎ প্রজন্মের আদর্শ স্বরূপ বলেও উপরাষ্ট্রপতি মন্তব্য করেন।

*******************************************************************

ভারতীয় আবহাওয়া দপ্তর-IMD, আজ তেলেঙ্গানার ৮ টি জেলায় অতিভারী বৃষ্টির লাল সতর্কতা জারি করেছে। বিহার, সৌরাষ্ট্র, ছত্তিশগড়, অন্ধ্র উপকূল, পূর্ব মধ্যপ্রদেশ, পূর্ব উত্তরপ্রদেশ, গুজরাট, ঝাড়খন্ড, বিদর্ভ, পশ্চিমবঙ্গ ও সিকিমে ভারী বৃষ্টির পূর্বাভাস রয়েছে। কোথাও কোথাও বজ্রবিদ্যুত সহ বৃষ্টির সম্ভাবনা।

*******************************************************************

ঐতিহ্যবাহী জগদ্ধাত্রী পুজোর আজ মহা নবমী। উত্সব মুখর চন্দননগর, সংলগ্ন মানকুন্ডু এবং ভদ্রেশ্বরে সকাল থেকেই শুরু হয়েছে নবমী বিহিত পুজো।

নদীয়ার কৃষ্ণনগরে ষষ্ঠী থেকে চারদিনের পুজো নবমীতেই সম্পন্ন হয়। এই উপলক্ষে শহর জুড়ে আঁটোসাটো নিরাপত্তার বন্দোবস্ত করা হয়েছে। জগদ্ধাত্রী পুজো উপলক্ষে হুগলীর রিষড়াতে আজ থেকেই শুরু হচ্ছে চারদিনের উত্সব।

বীরভূমের তারাপীঠে নবমী তিথিতে মা-তারা জগদ্ধাত্রী রূপে পূজিতা হন। বছরের এই একটি দিনেই মাকে ডাকের সাজে সাজানো হয়।

বেলুড়মঠের সারদা পীঠ প্রাঙ্গন, সারদা মায়ের জন্মভিটে জয়রাম বাটি এবং কামারপুকুর রামকৃষ্ণ মঠেও সকাল থকেই চলছে বিশেষ পুজো।

অনেক গৃহস্থ বাড়িতেও আজ মাতৃ আরাধানার আয়োজন করা হয়েছে।

*******************************************************************

৫৬তম আন্তর্জাতিক ভারতীয় চলচ্চিত্র উৎসব - IFFI ২০২৫ আগামী ২০ থেকে ২৮-শে নভেম্বর গোয়ার পানাজিতে অনুষ্ঠিত হবে। এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, স্বীকৃত গণমাধ্যম কর্মীরা চলচ্চিত্র প্রদর্শন, প্যানেল আলোচনা, মাস্টারক্লাস এবং বিশ্বজুড়ে বিশিষ্ট চলচ্চিত্র নির্মাতা এবং শিল্পীদের সঙ্গে আলোচনা করার সুযোগ পাবেন।

*************************************************************************

চীনের রাষ্ট্রপতি শি জিন পিং বলেছেন, তাঁর দেশের উন্নয়ন ও পুনরুজ্জীবন মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের **মেক আমেরিকা গ্রেট এগেইন** দৃষ্টিভঙ্গীর সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। আজ দক্ষিণ কোরিয়ার বুশানে অনুষ্ঠিত ৩২ তম আপেক অর্থনৈতিক নেতৃত্ব সম্মেলনে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে বৈঠকে জিন পিং এই মন্তব্য করেন। তিনি বলেন, চীন ও আমেরিকা একে অপরের সমৃদ্ধিতে সহায়ক হতে পারে। উভয় দেশের উন্নয়নের জন্য একটি সুস্থ পরিবেশ তৈরিতে তিনি ট্রাম্পের সঙ্গে কাজ চালিয়ে যেতে প্রস্তুত বলেও চীনের রাষ্ট্রপতি জানিয়েছেন।

এদিকে, চিনের ওপর আরোপিত ৫৭ শতাংশ শুল্ক হার কমিয়ে ৪৭ শতাংশে নামিয়ে আনা হবে বলে মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প ঘোষণা করেছেন। চীন অবিলম্বে আমেরিকা থেকে সয়াবিন কেনা শুরু করবে বলেও তিনি জানিয়েছেন।

*************************************************************************

মার্কিন ফেডারেল রিজার্ভ সুদের হার কমানোর সিদ্ধান্ত নিয়েছে। সুদের হার ২৫ বেসিস পয়েন্ট কমানো হবে বলে বুধবার মার্কিন কেন্দ্রীয় ব্যাংক জানিয়েছে। মুদ্রাস্ফীতি ও বেকারত্ব নিয়ন্ত্রণে রাখতেই এই পদক্ষেপ বলে জানিয়েছে তারা। সুদের হার নিয়ে গতকাল ফেডারেল রিজার্ভের চেয়ারম্যান জেরোম পাওয়েলের নেতৃত্বে বৈঠকে বসেছিল ফেডারেল ওপেন মার্কেট কমিটি (FOMC)। এদিকে বিশেষজ্ঞদের একাংশের মতে, ফেডারেল রিজার্ভ সুদের হার কমানোয় ভারত-সহ বিশ্বের বহু দেশের শেয়ার বাজারে প্রভাব পড়তে পারে।

*************************************************************************

ক্যারিবিয়ান অঞ্চলে হারিকেন মেলিসা-য় ২৮ জনের মৃত্যু হয়েছে। কিউবায় আজ সকালে এই ঝড় স্থলভাগ অতিক্রম করার পর ক্যাটেগরি ওয়ান হারিকেন হিসাবে চিহ্নিত হয়েছে। এর জেরে কিউবা ব্যাপক ক্ষতির সম্মুখীন হয়েছে। নদী তীরবর্তী এলাকার বাসিন্দা প্রায় দেড় লক্ষ মানুষ সমস্যার সম্মুখীন হয়েছেন। একাধিক

এলাকা বিদ্যুত্ বিচ্ছিন্ন। গতকালই মেলিসা জামাইকায় আঘাত হানে। জামাইকার প্রধানমন্ত্রী অ্যান্ড্রিউ হোলনেস বলেছেন, দুর্যোগের এই সময়ে সরকার ক্ষতিগ্রস্তদের পাশে রয়েছে। দুর্গত এলাকায় সফর করেছেন তিনি।

*************************************************************

ভারত আজ মহিলাদের একদিনের ক্রিকেট বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে। নভি মুম্বইয়ের ডক্টর ডি ওয়াই পাটিল স্পোর্টস অ্যাকাডেমিতে খেলা শুরু হবে দুপুর তিনটেয়। গ্রুপ পর্বে এই দুই দলের ম্যাচে অস্ট্রেলিয়া ৩ উইকেটে ভারতকে পরাজিত করেছিলো। চোটের কারণে সেমিফাইনাল ম্যাচে খেলবেন না ওপেনিং ব্যাটার প্রতিকা রাওয়াল। প্রতিকার পরিবর্তে শেফালি ভার্মাকে দলে নেওয়া হয়েছে। আজকের ম্যাচে স্মৃতি মান্ধানার সঙ্গে শেফালি ওপেন করতে নামবেন। শেফালি জানান, দলের প্রত্যেক সদস্য জানেন, এটা নকআউট ম্যাচ। তাই ম্যাচ জয়ের জন্য তাদের ২০০ শতাংশ শ্রম দিতে হবে।

এদিকে, মুম্বই মেট্রোপলিটান এলাকায় আজ বৃষ্টির পূর্বাভাস রয়েছে। ফলে ম্যাচ বৃষ্টি প্রভাবিত হতে পারে।

*************************************************************